

নেলসন ম্যাডেলার স্যাংচুয়ারি বাড়িটি এখন বিলাস বহল হোটেল

- A Monitor Desk Report

Date: 17 August, 2021



ঢাকাঃ নেলসন ম্যাডেলার নয় কক্ষ বিশিষ্ট স্যাংচুয়ারি ম্যাডেলা বাড়িটি গত ১ অগাস্ট থেকে একটি বিলাস বহল হোটেল হিসেবে চালু করা হয়েছে।

এই বাড়িটি হাঘটন জোহান্সবার্গে অবস্থিত। দক্ষিণ আফ্রিকার এই বিপ্লবী থেকে রাষ্ট্রপতি ১৯৯০ সালে তার মুক্তির পর থেকে এই অনুপম অট্টালিকায় থাকতেন।

স্যাংচুয়ারি ম্যাডেলার চারিপাশে সবুজের সমারহ সুন্দর বাগানে শোভিত এবং এখানে এই নোবল শান্তি বিজয়ীর অনেক স্মৃতির স্বাক্ষর বহন করে।

এখানেই ম্যাডেলা বিশ্বের অনেক মান্য -গণ্য অধিতিকে অভ্যর্থনা জানিয়েছেন। যাদের মধ্যে উল্লেখযোগ্য হলেন মিশেল ওবামা ও বিল ক্লিনটন।

এই হোটেলে আপনি উপভোগ করতে পারেন ভোজন রাশিক ম্যাডেলার প্রিয় খাবারগুলো। যা প্রস্তুত করেন তার প্রিয় পাচক জলিসওয়া নোনিয়া। নোনিয়া ২০ বছর ধরে নেলসন ম্যাডেলার পারিবারিক শেফ ছিলেন। নেলসন ম্যাডেলাকে আফ্রিকানরা মাদুবা বলে ডাকতে পসন্দ করতেন।